UPDATE LINK · NOV 2026

Update এ একটা click, phone আর আপনার না

একটা message এ software update এর link। খুলতেই phone নিজে নিজে update হতে থাকে, screen কালো হয়ে যায়, আর phone এর control ফেরে না। এরপর bank account থেকে টাকা চলে যায়। কোনো OTP বা PIN কাউকে বলা হয়নি।

01 সত্যি ঘটনা: CID এর case

২ জুন ২০২৬	LINK খোলার পর	এরপর	৪ জুন ২০২৬
Message আসে	**Control হারান**	**প্রায় ৯ লাখ টাকা**	**মামলা, তারপর গ্রেপ্তার**
Software update সংক্রান্ত একটা link।	Phone নিজে update হয়, screen blank, control আর ফেরেনি।	Bank account থেকে বিভিন্ন bank আর mobile banking account এ।	পল্টন থানায় মামলা; CID রংপুর থেকে দুজনকে গ্রেপ্তার করে।

CID এর Cyber Police Centre এর তথ্য, ATN News ও thenews24 এর প্রতিবেদন অনুযায়ী। Channel 24 অঙ্কটা প্রায় ৭০ লাখ লিখেছে। Phone এ ঠিক কোন app বা কোন permission দিয়ে ঢোকা হয়েছিল, CID তা জানায়নি।

CID এর পরামর্শ: অচেনা বা সন্দেহজনক link খুলবেন না।

02 Setting ১: বাইরের app ঢোকার দরজা বন্ধ করুন

1. **Settings** খুলুন, একটু নিচে **Apps**।
2. একদম নিচে **Special app access**।
3. **Install unknown apps** এ যান।
4. যে app এর নিচে **Allowed** লেখা, সেটায় click করে **Allow from this source** বন্ধ করুন। সব কয়টার জন্য।

Allowed থাকলে ওই app (browser, Telegram, Drive, file manager) দিয়ে আসা file phone এ নতুন app install করতে পারে। Phone নিজেও ওই screen এ লিখে রাখে: অচেনা app এ আপনার phone আর data বেশি বিপদে। Samsung, Xiaomi বা অন্য phone এ menu এর নাম একটু আলাদা হতে পারে; Settings এর search এ "Install unknown apps" লিখলেই পাবেন।

03 Setting ২: Play Protect দিয়ে Scan

1. **Play Store** খুলে উপরে ডানে আপনার ছবিতে click করুন।
2. **Play Protect** এ যান।
3. **Scan** এ click করুন। "No harmful apps found" দেখালে নিশ্চিন্ত।

Google Play Help অনুযায়ী Play Protect বাইরে থেকে install করা app ও scan করে, ক্ষতিকর app পেলে সতর্ক করে, আর সেটা বন্ধ বা সরিয়েও দিতে পারে।

04 মনে রাখার নিয়ম

✓ App নিন Play Store থেকে
Google নিজেই এটাই recommend করে।

✗ Message এর update link খুলবেন না
SMS, WhatsApp, Messenger, যেখান থেকেই আসুক।

05 যদি ঘটেই যায়

- সাথে সাথে আপনার bank এর helpline এ call করে জানান।
- নিকটস্থ থানায় অভিযোগ করুন। এই ঘটনায় মামলার পরেই CID দুজনকে গ্রেপ্তার করেছে।

06 সূত্র

- ATN News: atnnewstv.com/details/32020
- thenews24: thenews24.com/national/news/85179
- Google Play Help (Play Protect): support.google.com/googleplay/answer/2812853
- Google Android Help (অন্য উৎস থেকে app): support.google.com/android/answer/7391672
- Settings আর Play Protect এর screen: Tazim এর নিজের phone এর screenshot, ৬ নভেম্বর ২০২৬।